

বৃহস্পতিবার
২৬ অক্টোবর ২০২৩
১০ কার্তিক ১৪৩০
bkantha.com.bd

মানবকণ্ঠ

আমাদের ভাষা পপমানুষের

খেলোয়াড় বাছাই

নীলফামারীতে শেখ রাসেল ডেভেলপমেন্ট কাপ ফুটবল টুর্নামেন্ট উপলক্ষে খেলোয়াড় বাছাই ও প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। জেলা প্রশাসন ও জেলা ক্রীড়া অফিসের আয়োজনে গতকাল বুধবার শেখ কামাল স্টেডিয়ামে এই প্রতিযোগিতা ও বাছাই সম্পন্ন হয়। জেলার ৬ উপজেলার ৬৪ জন খেলোয়াড় চারটি দলে প্রতিদ্বন্দ্বিতা করে। ফাইনালে তিস্তা ও পদ্মা দলের মধ্যে অনুষ্ঠিত চূড়ান্ত খেলায় তিস্তা দল পদ্মা দলকে ১-০ গোলে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়। খেলা শেষে চ্যাম্পিয়ন ও রানার আপ দলের হাতে ট্রফি তুলে দেন নেজারত ডেপুটি কালেক্টর রিয়াজ উদ্দিন আহমেদ। জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক আরিফ হোসেন মুন ও জেলা ক্রীড়া কর্মকর্তা আবুল হাসেম উপস্থিত ছিলেন। নীলফামারী প্রতিনিধি